

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.hajj.gov.bd](http://www.hajj.gov.bd)

স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.৩০.০০৭.১৭.১১৮

তারিখ: ১৮.০১.২০১৮ খ্রি.

২০১৮ সনে সন্মানিত হজে গমনেচ্ছু ব্যক্তিবর্গের পাসপোর্ট সংক্রান্ত বিষয়ে জরুরি বিজ্ঞপ্তি

এ মর্মে সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০১৮ সনে হজে গমনের উদ্দেশ্যে সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনায় প্রাক-নিবন্ধিত হজযাত্রীদের চূড়ান্ত নিবন্ধনের পূর্বে পাসপোর্ট সংক্রান্ত বিষয়ে নিম্নলিখিত করণীয়সমূহ অনুসরণ করতে হবে:

১. ২০১৮ সনের হজ গমনেচ্ছু প্রাক-নিবন্ধিত ব্যক্তির চূড়ান্ত নিবন্ধনের পূর্বে অবশ্যই পাসপোর্ট সংগ্রহ করতে হবে;
২. পাসপোর্টে হজযাত্রীর জাতীয় পরিচয়পত্রের নম্বরটি সঠিকভাবে উল্লেখ রয়েছে কি না তা নিশ্চিত করতে হবে;
৩. ২০১৮ সনে প্রাক-নিবন্ধনকৃত হজযাত্রীর পাসপোর্টের মেয়াদ হজের দিন থেকে ন্যূনতম ০৬ (ছয়) মাস অর্থাৎ আগামী ২০.০২.২০১৯ খ্রি. পর্যন্ত থাকতে হবে, অন্যথায় পাসপোর্ট নবায়ন করতে হবে;
৪. হজে গমনের পূর্বে প্রত্যেক হজযাত্রী তাঁর পাসপোর্টের সাথে মক্কা ও মদিনায় তাঁর জন্য ভাড়া কৃত বাড়ি/হোটেলের স্টিকার সংযুক্ত রয়েছে কি না তা নিশ্চিত করতে হবে;
৫. হজে গমন বিষয়ে হালনাগাদ তথ্য পেতে নিয়মিত [www.hajj.gov.bd](http://www.hajj.gov.bd) ওয়েবসাইটটি ব্রাউজ করুন।

এস.এম. মনিরুজ্জামান  
সহকারী সচিব  
ফোন: ৯৫৮৪৩২২  
ফ্যাক্স: ৯৫১১১১৬  
e-mail: morahajsection@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা-১২০৭ (সকল জেলার উপ-পরিচালকগণকে এ বিষয়ে অবহিতকরণের অনুরোধসহ)।
২. মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় ..... (সকল জেলা)।
৪. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
৫. ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ভারপ্রাপ্ত সচিবের সদয় অবগতির জন্য)।
৬. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি [www.mora.gov.bd](http://www.mora.gov.bd) ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন.....(সকল জেলা)।
৮. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, হোটেল ভিক্টরী, ঢাকা (বিষয়টি সকল এজেন্সীর হজযাত্রীদের জরুরি ভিত্তিতে অবহিত করণের অনুরোধসহ)।
৯. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২, কাওরান বাজার, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশসহ হজ যাত্রীর মোবাইল নম্বরে এস.এম.এস. পাঠিয়ে অবহিত করার অনুরোধ করা হলো)।
১০. অফিস কপি।

এস.এম. মনিরুজ্জামান  
সহকারী সচিব (হজ)।